

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৮ \times ২ = ১৬$

- (ক) ‘মেঘনাদবধকাব্য’-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণ-চরিত্র রূপায়ণে মধুসূদনের কৃতিত্ব নিরূপণ করো ।
- (খ) ‘মেঘনাদবধকাব্য’-এর কাব্য-পরিণতির দিক থেকে নবম সর্গটির শিল্পমূল্য বিচার করো ।
- (গ) ‘একা’ কবিতাটি অবলম্বনে কবির আত্মানুভূতির পরিচয় দাও ।
- (ঘ) ‘রচিলাম ছাগ-গুণ যথা সাধ্যমতে’ — উদ্ধৃতি অবলম্বনে কবি রচিত ‘ছাগ-গুণের’ সংক্ষিপ্ত পরিচয় দাও ।

[অভ্যন্তরীণ মূল্যায়ন : ১০ নম্বর]

PG 1st Semester Examination, 2020

Faculty of Arts (School of Literature)

BENGALI

(উনিশ শতকের কাব্য-কবিতা পাঠ)

PAPER — BNGL-103

Full Marks : 40

Time : 2 Hours

The figures in the right hand margin indicate marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) ‘মেঘনাদবধকাব্য’-এর প্রথম ও নবম সর্গের নাম লেখো ।
এই গ্রন্থে প্রভাব পড়েছে এমন দুটি পাশ্চাত্য গ্রন্থের নাম লেখো ।
- (খ) “এ হেন সভায় বসে রক্ষঃ কুলপতি, / বাক্যহীন পুত্রশোকের”
— এখানে ‘রক্ষকুলপতি’ বলতে কাকে বোঝানো হয়েছে ? তিনি কোন পুত্রের মৃত্যুতে বাক্যহীন ?

(2)

- (গ) “..... কি পাপে লিখিলা / এ পীড়া দারুণ বিধি, রাবণের ভালে” — এখানে বক্তা ‘পাপ’ এবং ‘পীড়া’ বলতে কি বুঝিয়েছেন ?
- (ঘ) ‘মেঘনাদবধকাব্য’-এর প্রথম প্রকাশকাল লেখো । কাব্যটি কোন ছন্দে লেখা হয়েছে ? পাশ্চাত্যের কোন ছন্দেরীতি থেকে কবি তা গ্রহণ করেছিলেন ?
- (ঙ) ‘মধ্যাহ্নে’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ? কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো । এই কবিতায় কবি ‘পথিক’ ও ‘কুলবধু’ সম্বন্ধে কী মনোভাব প্রকাশ করেছেন ?
- (চ) ‘একা’ কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ? কাব্যটি কবে প্রকাশিত হয় ? ‘ত্রিদিবের পুষ্পরথ’ — অংশটির অর্থ লেখো ।
- (ছ) ‘পাঁটা’ কবিতায় কী জাতীয় রস প্রকাশ পেয়েছে ? এই কবিতায় কবি যে প্রবাদ বাক্যগুলি প্রয়োগ করেছেন, সেগুলি উল্লেখ করো ।
- (জ) ‘আশা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ? কাব্যটির প্রকাশকাল লেখো । ‘হংসপুচ্ছধারী বীরবর’ — বলতে কবি কী বুঝিয়েছেন ?

(3)

- ২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $8 \times 8 = ১৬$
- (ক) “বিসর্জি প্রতিমা যেন দশমী দিবসে / সপ্ত দিবানিশি লক্ষা কাঁদিলা বিষাদে” — অংশটির ব্যাখ্যা দাও ।
- (খ) “কী কাজ কিন্তু এ বৃথা বিলাপে ? / বুঝিনু নিশ্চয় আমি, ডুবিলা তিমিরে, / কব্বূর-গৌরব রবি” — কার উক্তি ? এখানে বক্তার কোন মনোভাবের পরিচয় পাওয়া যায় ?
- (গ) “এ বৃথা গঞ্জনা, প্রিয়ে, কেন দেহ মোরে / গ্রহদোষে দেষীজনে কে নিন্দে; সুন্দরী ?” — কে কার উদ্দেশ্যে এই উক্তি করেছেন ? তাঁর এই উক্তির কারণ কী ?
- (ঘ) “এক পুত্র শোকে তুমি আকুলা, ললনে, / শতপুত্র শোকে বুক আমার ফাটিছে / দিবানিশি !” — কে কার উদ্দেশ্যে এই উক্তি করেছেন ? এখানে বক্তার কী মনোভাবের পরিচয় পাওয়া যায় ?
- (ঙ) ‘রীপণ উৎসব- ভারতের নিদ্রাভঙ্গ’ — কবিতার শেষ স্তবকে কবি যে ভাবনা ব্যক্ত করেছেন, তার পরিচয় দাও ।
- (চ) ‘আশা’ কবিতার পঞ্চদশ স্তবকের মূলসুরটি বিবৃত করো ।
- (ছ) ‘সুখ’ — কবিতাটির মর্মার্থ সংক্ষেপে লেখো ।
- (জ) ‘মধ্যাহ্নে’ কবিতায় কবির যে বিচিত্র অনুভূতির পরিচয় পাওয়া যায়, তা সংক্ষেপে বিবৃত করো ।